

রাবিতে এ্যাক্রেডিটেশন বিষয়ে কর্মশালা শুরু

December 5, 2022

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৫ ডিসেম্বর ২০২২:
রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত 'Quality Assurance Towards Accreditation: Roles of Different Entities' শীর্ষক এক কর্মশালা আজ সোমবার শুরু হয়েছে। এদিন সকাল ৯:৩০ মিনিটে চার দিনব্যাপী এই কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সান্ত্তার। আইকিউএসি'র পরিচালক অধ্যাপক দুলাল চন্দ্র রায়ের সভাপতিত্বে এই অনুষ্ঠানে আইকিউএসসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক মো. মশিহুর রহমান স্বাগত বক্তৃতা করেন।



কর্মশালা উদ্বোধন করে উপাচার্য তাঁর বক্তৃতায় বলেন, বর্তমান বিশ্বে উচ্চশিক্ষা ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বীকৃতি পেতে এর মান নিশ্চিত করা একান্ত আবশ্যিক। এই জন্য প্রয়োজন প্রতিষ্ঠানের বিভিন্ন অঙ্গ যেমন- অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউটসমূহের শিক্ষা, গবেষণা ও আনুষঙ্গিক বিষয়ের যথাযথ মান নিশ্চিত করতে তাদের সক্রিয় ভূমিকা। এই কর্মশালা সেই লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক মো. আব্দুর রশিদ সরকার কর্মশালা উদ্বোধন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

কর্মশালায় রাবির অনুষদসমূহের অধিকর্তা, বিভাগীয় সভাপতি এবং বিভাগ ও ইনস্টিটিউটসমূহের তিন জন করে প্রতিনিধি অংশ নিচ্ছেন।

অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে
প্রশাসক, জনসংযোগ দপ্তর